দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 07 AUG 1995 ...
পৃষ্ঠা ... ৮ কলাম ১ ...

50

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# ডীন নির্বাচনে সক্রিয় হয়ে উঠেছে শিক্ষকদের ৩ গ্রুপ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** সরব হয়ে উঠেছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক রাজনীতি। রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের পর ডীন নির্বাচন উপলক্ষে সক্রিয় হয়ে উঠেছে শিক্ষকদের তিনটি গ্রুপ। আগামী ১৪ আগস্ট এ নির্বাচন অনুষ্ঠিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রে।

জানা যায়, বিগত শিক্ষক সমিতি ও রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে জয়ী নীল দল এবং পরাজিত সাদা দল ডীন নির্বাচনকে চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করেছে। বিএনপি, জামায়াত ও পাঁচদল (একাংশ) সমর্থিত শিক্ষকরা এ নির্বাচনে ঐক্যবদ্ধভাবে প্রতিদ্বন্দ্বিতা করবে। এর আগে দু'টি নির্বাচনে পৃথক পৃথক প্যানেল দেয়ায় বিএনপি ও জামায়াত সমর্থিত শিক্ষকরা চরম পরাজয়ের সম্মুখীন হয়। এদিকে প্রধানত আওয়ামী লীগ সমর্থিত শিক্ষকদের নীল দল এককভাবে প্রতিদ্বন্দ্বিতা করবে। বামঘেঁষা দলনিরপেক্ষ শিক্ষদের গোলাপী দল বিশ্ববিদ্যালয়ের সাতটি অনুষদের মধ্যে তিনটিতে প্রার্থী মনোনয়ন দিয়েছে। এ দলের সাংগঠনিক অবস্থা দুর্বল হলেও ব্যক্তিইমেজে গত ডীন নির্বাচনে তিনটি অনুষদে জয়ী হয়। এবারও ব্যক্তিইমেজ গোলাপী প্যানেলের ভরসা।

এদিকে আইন অনুষদে কোন প্রার্থী না থাকায় ডঃ এরশাদুল বারী পুনর্নির্বাচিত হয়েছেন। তিনি সাদা দলের প্রার্থী। অভিজ্ঞ মহলের ধারণা বাকি ছয়টি অনুষদে নীলদলই সংখ্যাগরিষ্ঠতা লাভ করবে। গত নির্বাচনে এ দলের তিনজন প্রার্থী জয়লাভ করে।